



বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: office@ntrca.gov.bd

স্মারক নং: বেশিনিক/প.মু.প্র/সনদ যাচাই/৭৪৪(অংশ-৪৬)/২০১৭/১৩০২

তারিখ: ১২ জুলাই, ২০২০ খ্রি.


বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনাব Nazma Khatun, পিতা-Md. Eazuddin Prang ২০০৯ সনে অনুষ্ঠিত ৫ম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ ৪২৪১২৯৪৭ রোল নম্বরধারী প্রার্থী জনাব NAZMA AKTER, পিতা- MD. NURUL HAQUE নামীয় সনদটি দাখিল করে সনদে নিজের নাম ও পিতার নাম ভুল উল্লেখ করে তা সংশোধনের জন্য আবেদন করেন। আবেদনের সমর্থনে ভোটার আইডি কার্ড ও অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদ দাখিল করেন এবং তদানুযায়ী আবেদনকারীর নামে গত ০৯.০১.২০২০ তারিখে ৯৩৯৯৩১ নম্বর ক্রমিকের সংশোধিত সনদ ইস্যু করা হয়।

পরবর্তীতে সনদ যাচাইকালে দেখা যায় যে, আবেদনকারীর নামে যে সনদের উপর ভিত্তি করে সংশোধিত সনদটি ইস্যু করা হয় তাতে মিথ্যা তথ্য উপস্থাপন করা হয়েছে। কেননা তিনি যে সনদটি দাখিল করেন তাতে প্রার্থীর নাম NAZMA AKTER, পিতা- MD. NURUL HAQUE উল্লেখ রয়েছে। অপরদিকে এনটিআরসিএ'র ফলাফলের Data base এ ৪২৪১২৯৪৭ রোলনম্বরধারী প্রার্থীর নাম NAZMA AKTER, পিতা- MD. NURUL ISLAM উল্লেখ করা আছে। এনটিআরসিএ থেকে Data base এ রক্ষিত তথ্য অনুযায়ী প্রিন্ট করে সনদ ইস্যু করা হয়েছে। কিন্তু জনাব NAZMA KHATUN এর দাখিলকৃত সনদপত্রে পিতার নাম MD. NURUL HAQUE উল্লেখ থাকায় প্রতীয়মান হয় যে, এ সনদটি এনটিআরসিএ থেকে ইস্যু করা হয়নি এবং আবেদনকারী ৪২৪১২৯৪৭ রোল নম্বরধারী প্রকৃত প্রার্থী নন। তিনি জাল সনদ দাখিল করেন।

এমতাবস্থায়, NAZMA KHATUN যে সনদ দাখিল করে সংশোধিত সনদ লাভ করেন তা আইনগতভাবে বৈধ না হওয়ায় এ অফিস থেকে ০৯.০১.২০২০ তারিখ ইস্যুকৃত সংশোধিত সনদটি যার সিরিয়াল নম্বর 939931, Name: Nazma Khatun, পিতা- Md. Eazuddin Prang নির্দেশক্রমে বাতিল করা হলো।

উক্ত বাতিলকৃত সনদ কোথাও ব্যবহার করা হলে তা ফৌজদারী অপরাধ বলে গণ্য হবে।



(তাজুল ইসলাম)

সহকারী পরিচালক (পমূপ্র-৩)

এনটিআরসিএ, ঢাকা।

অনুলিপি:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
২. জেলা শিক্ষা অফিসার, পাবনা।
৩. অধ্যক্ষ, বেড়া সরকারি কলেজ, বেড়া, পাবনা।
৪. জনাব Nazma Khatun, প্রভাষক (হিসাব বিজ্ঞান), বেড়া সরকারি কলেজ, বেড়া, পাবনা।
৫. পিএ টু চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।